দামুড়হুদায় নিজ অর্থায়নে শীতবস্ত্র বিতরণ করলেন ইউ.পি সদস্য সামসুল

দামুড়হুদায় নিজ অর্থায়নে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের মেম্বার ও দামুড়হুদা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম।

গত সোমবার থেকে চুয়াডাঙ্গা জেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড হয়েছে, শুরু হয়েছে শীতের তীব্রতা। ঘন কুয়াশা ও তীব্র শীতে দামুড়হুদা উপজেলায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। তারই ধারাবাহিকতায় নিজ অর্থায়নে দামুড়হুদা সদর ইউনিয়নের ইউপি সদস্য সামসুল ইসলাম ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ড কেশবপুর – পুড়াপাড়া – কুষাঘাটায় আজ শনিবার সন্ধ্যার পর দুঃস্থ অসহায়দের বাড়ি,বাড়ি গিয়ে কুশল বিনিময় করেন ও শীতবস্ত্র বিতরণ করেন।

এসময় তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশের উন্নয়ন চলমান। এরই ধারাবাহিকতায় আপনাদের জন্য আমি নিজ উদ্যোগে কিছু শীতবস্ত্র আপনাদের মাঝে পৌঁছে দিচ্ছি। আমি ইউ. পি সদস্য হিসাবে নয়, আমি আপনাদের সেবক হয়ে যাতে প্রকৃত দুস্থ অসহায় মানুষের সেবা করতে পারি! সেজন্য আপনারা আমার জন্য দোয়া করবেন। শুধু আমার নিজ ওয়ার্ড নয়, যেখানে দুস্থ ও অসহায় মানুষ আছে আমার সাথে যোগাযোগ করলে আমি তাদের পাশে থাকব।

এসময় উপস্থিত ছিলেন, কেশবপুর উজ্জল ক্লাবের ক্যাশিয়ার নাজমুল ইসলাম।